

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৫, ২০২০

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০১ আষাঢ়, ১৪২৭ মোতাবেক ১৫ জুন, ২০২০

নিম্নলিখিত বিলটি ০১ আষাঢ়, ১৪২৭ মোতাবেক ১৫ জুন, ২০২০ তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ১০/২০২০

২০২০ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত
তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব
প্রদানের উদ্দেশ্যে আনীত বিল

যেহেতু ২০২০ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত
তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও
প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০২০ নামে অভিহিত
হইবে।

(৫৭৪১)

মূল্য : টাকা ৮.০০

২। ২০১৯-২০২০ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৪৬৫১৬,১১,১০,০০০ (ছেচল্লিশ হাজার পাঁচশত ষোল কোটি এগারো লক্ষ দশ হাজার) টাকা প্রদান।—২০২০ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ৪৬৫১৬,১১,১০,০০০ (ছেচল্লিশ হাজার পাঁচশত ষোল কোটি এগারো লক্ষ দশ হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। নির্দিষ্টকরণ।—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০২০ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

তফসিল

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরি নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
০২	প্রধানমন্ত্রীর কার্যালয়	০	২১৪,৭৩,৪২	২১৪,৭৩,৪২
০৩	মন্ত্রিপরিষদ বিভাগ	০	৫৯,৮৮,১৭	৫৯,৮৮,১৭
	বাংলাদেশ সুপ্রিম কোর্ট	৩,৩৯,০০	০	৩,৩৯,০০

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরি নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
০৪	নির্বাচন কমিশন সচিবালয়	— ২০৬৪০,৫২	৫০৪,৯৯,০০	২৯৮,৫৮,৪৮
০৬	বাংলাদেশ সরকারি কর্ম কমিশন	২০,০০	১৮,১০,০০	১৮,৩০,০০
০৭	অর্থ বিভাগ	৫১৬০০,০০,০০	— ১৫২৪৩৫৫,১০	৩৬৩৫৬,৪৪,৯০

মঞ্জুরি নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
১০	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	২,৮৯,২০	৬২,২১,২১	৬৫,১০,৪১
১১	পরিকল্পনা বিভাগ	০	৩৭৯,৫৪,৯৪	৩৭৯,৫৪,৯৪
১২	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	০	৫৩,৩৪,০০	৫৩,৩৪,০০
১৩	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	০	২৯০,৫৯,৮৭	২৯০,৫৯,৮৭
১৬	প্রতিরক্ষা মন্ত্রণালয়	০	৪৫৪,৮৯,৮৮	৪৫৪,৮৯,৮৮
১৭	সশস্ত্রবাহিনী বিভাগ	০	৯২,৯৮,২৫	৯২,৯৮,২৫
১৯	জননিরাপত্তা বিভাগ	০	২৯৪,১১,৮১	২৯৪,১১,৮১
২৬	সমাজ কল্যাণ মন্ত্রণালয়	০	১২,৭৮,৯০	১২,৭৮,৯০
২৭	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	০	৩৯,৯৮,৩৬	৩৯,৯৮,৩৬
২৮	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	০	৫৩,৯৫,৮২	৫৩,৯৫,৮২
২৯	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	০	৮৪২,৯৮,৮৪	৮৪২,৯৮,৮৪
৩২	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	০	৫২৭,৪২,০৭	৫২৭,৪২,০৭
৩৪	স্থানীয় সরকার বিভাগ	০	২৮০৮,৩০,৯৮	২৮০৮,৩০,৯৮
৩৬	শিল্প মন্ত্রণালয়	০	৪৫০,১৯,০১	৪৫০,১৯,০১
৩৮	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	০	৫৫৯,৪৮,২৫	৫৫৯,৪৮,২৫
৩৯	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	০	৪৯৪,৫৭,২৮	৪৯৪,৫৭,২৮
৪৪	পানি সম্পদ মন্ত্রণালয়	০	৮৩৭,১৪,৪৭	৮৩৭,১৪,৪৭
৪৬	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	০	১২৩২,৫৩,২২	১২৩২,৫৩,২২

মঞ্জুরি নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
৪৯	নৌ পরিবহন মন্ত্রণালয়	০	৭৩,২৬,৬৭	৭৩,২৬,৬৭
৫২	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	০	১,৫৪,১০	১,৫৪,১০
	মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবি	৫১৪০০,০৭,৬৮	৪৮৮৩৯৬,৫৮	৪৬৫১৬,১১,১০

উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

এই বিলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত সম্পূরক ব্যয় নির্বাহের নিমিত্ত এবং ২০২০ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের জন্য সরকারের অনুমিত ব্যয় সম্পর্কে জাতীয় সংসদ কর্তৃক প্রদত্ত মঞ্জুরিসমূহের বিপরীতে সংযুক্ত তহবিল হইতে প্রয়োজনীয় অর্থ নির্দিষ্টকরণের বিধান করিতে চাওয়া হইয়াছে।

আহম মুস্তফা কামাল
ভারপ্রাপ্ত মন্ত্রী।

ড. জাফর আহমেদ খান
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক, (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd